

মার্চ/২০২৫ মাসের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি	: প্রশাসক উপজেলা পরিষদ দিরাই, সুনামগঞ্জ।
স্থান	: প্রশাসকের কার্যালয়, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
তারিখ	: ১১/০৩/২০২৫ খ্রি.
সময়	: ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা ও সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অধ্যকার সভা পরিচালনা করার জন্য অত্র কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা শিক্ষা কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, দিরাই উপজেলার বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে বাঙ্গালী সংস্কৃতির মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে বাংলাদেশে ঐতিহ্যগতভাবে চলমান বিভিন্ন সামাজিক ও সংস্কৃতিমূলক অনুষ্ঠানের আয়োজন করার জন্য উপজেলা সংস্কৃতি কমিটির পক্ষ থেকে উপজেলা শিক্ষা দপ্তর/ মাধ্যমিক শিক্ষা দপ্তরকে পরামর্শ দেয়ার প্রয়োজন। তিনি আরও বলেন যে, আমার জানামতে উপজেলা শিক্ষা দপ্তরের এইরূপ অনুষ্ঠানের জন্য কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের অন্য কোন বরাদ্দ থেকে এইরূপ অনুষ্ঠানের জন্য বরাদ্দের ব্যবস্থা করা যায় সেদিকে সুদৃষ্টি রাখার জন্য সভার সভাপতির নিকট অনুরোধ রাখেন।

আলোচনা ০২ঃ-

২নং আলোচনায় কমিটির সদস্য সচিব বলেন যে, দিরাই উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ নিয়মে সকল জাতীয় দিবস পালন করা সহ আলোচনা সভা করা আবশ্যিক বলে মনে করি। এত সকলে এক মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত:- বাঙ্গালী সংস্কৃতিকে এগিয়ে নেওয়ার জন্য বিভিন্ন বিষয়ে সকলকে/ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সহযোগীতা অব্যাহত রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
ও
সভাপতি
সংস্কৃতি বিষয়ক (স্ট্যান্ডিং) কমিটি দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট “ক”ঃ

সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (হাজিরা মোতাবেক রেজিস্টারে সংরক্ষিত)

ক্রমিক নং	সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
০১.	প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।	সভাপতি	
০২.	চরনারচর ইউ/পি, দিরাই, সুনামগঞ্জ।	সদস্য	
০৩	চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই, সুনামগঞ্জ।	সদস্য	
০৪	চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই, সুনামগঞ্জ।	সদস্য	
০৫.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।	সদস্য সচিব	

